

আল-মুজাদিলা | Al-Mujadila | الْمُجَادِلَةُ

আয়াতঃ ৫৮ : ২১

আরবি মূল আয়াত:

كَتَبَ اللَّهُ لَا غَلِبَنَّا أَنَا وَرُسُلِي ۚ إِنَّ اللَّهَ قَوِيٌّ عَزِيزٌ ﴿٢١﴾

অনুবাদসমূহ:

আল্লাহ লিখে দিয়েছেন যে, 'আমি ও আমার রাসূলগণ অবশ্যই বিজয়ী হব।' নিশ্চয় আল্লাহ মহা শক্তিমান, মহা পরাক্রমশালী। — আল-বায়ান

আল্লাহ লিখে দিয়েছেন যে, অবশ্য অবশ্যই আমি ও আমার রসূলগণ বিজয়ী থাকব। আল্লাহ মহা শক্তিমান ও পরাক্রমশালী। — তাইসিরুল

আল্লাহ সিদ্ধান্ত গ্রহণ করেছেন, আমি এবং আমার রাসূল অবশ্যই বিজয়ী হব। আল্লাহ শক্তিমান, পরাক্রমশালী। — মুজিবুর রহমান

Allah has written, "I will surely overcome, I and My messengers." Indeed, Allah is Powerful and Exalted in Might. — Sahih International

২১. আল্লাহ লিখে রেখেছেন, 'আমি অবশ্যই বিজয়ী হব এবং আমার রাসূলগণও'। নিশ্চয় আল্লাহ মহাশক্তিমান মহাপরাক্রমশালী।

তাফসীরে জাকারিয়া

(২১) আল্লাহ লিপিবদ্ধ করেছেন[1] যে, আমি এবং আমার রসূলগণ অবশ্যই বিজয়ী হব। নিশ্চয়ই আল্লাহ শক্তিমান, পরাক্রমশালী। [2]

[1] অর্থাৎ, তকদীর ও লওহে মাহফুযে; যাতে কোন পরিবর্তন হতে পারে না। এ বিষয়টি সূরা মু'মিনের ৫১-৫২নং আয়াতেও আলোচিত হয়েছে।

[2] এ কথার লেখক যখন শক্তিমান পরাক্রমশালী, তখন অন্য আবার কে আছে যে এই ফয়সালা পরিবর্তন করতে পারবে?

তাফসীরে আহসানুল বায়ান

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন